রেজিস্টার্ড নং ডি এ-১

"জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক"


# বাংলাদেশ গেজেট

**অতিরিক্ত সংখ্যা**

**কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত**

**মঙ্গলবার, ফেব্রুয়ারি ১, ২০২২**


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়**

**মজুরী বোর্ড শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১১ মাঘ, ১৪২৮ বঙ্গাব্দ/২৫ জানুয়ারি, ২০২২ খ্রিষ্টাব্দ

**এস, আর, ও, নম্বর-২৬-আইন/২০২২।**—বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ (২০০৬ সনের ৪২ নং আইন) এর ধারা ১৪০ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার উক্ত আইনের ধারা ১৩৯ এর অধীন 'সিকিউরিটি সার্ভিস' শিল্প সেক্টর, অতঃপর উক্ত শিল্প সেক্টর বলিয়া উল্লিখিত, এর শ্রমিক ও কর্মচারীর জন্য নিম্নতম মজুরী বোর্ড কর্তৃক সুপারিশকৃত নিম্নের তফসিলদ্বয়ে বর্ণিত নিম্নতম মজুরীর হারকে, নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে, উক্ত শিল্প সেক্টরের শ্রমিক ও কর্মচারীর জন্য নিম্নতম মজুরী হার হিসাবে ঘোষণা করিল, যথাঃ—

**তফসিল-ক**

**শ্রমিকের নিম্নতম মজুরী হার**

| ক্রমিক নম্বর | শ্রমিক পদবিন্যাস ও শ্রেণি বিভাগ | এলাকা | মাসিক মূল মজুরী (টাকা) | বাড়ি ভাড়া ভাতা (টাকা) শহর ও সিটি কর্পোরেশন এলাকায় মূল মজুরীর ৫০% এবং জেলা শহর ও অন্যান্য এলাকায় মূল মজুরীর ৪০% | চিকিৎসা ভাতা (টাকা) | যাতায়াত ভাতা (টাকা) | সর্বমোট মজুরী (টাকা) |
|---|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) |
| ১। | গ্রেড-১ :<br>১। সিকিউরিটি ইন্সপেক্টর | বিভাগীয় শহর ও সিটি কর্পোরেশন এলাকা | ৮৪০০/- | ৪২০০/- | ১০০০/- | ৪০০/- | ১৪০০০/- |



**মূল্য :** টাকা ২৪.০০

| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) |
|---|---|---|---|---|---|---|---|
| | ২। সিটিউরিটি শিফট ইনচার্জ<br>৩। জোন কমান্ডার<br>৪। গানম্যান | জেলা শহর ও অন্যান্য এলাকা | ৮৪০০/- | ৩৩৬০/- | ১০০০/- | ৩০০/- | ১৩০৬০/- |
| ২। | গ্রেড-২ :<br>১। সিকিউরিটি সুপারভাইজার<br>২। সহকারী জোন কমান্ডার<br>৩। এটিএম সেল চেকার | বিভাগীয় শহর ও সিটি কর্পোরেশন এলাকা | ৭১০০/- | ৩৫৫০/- | ১০০০/- | ৪০০/- | ১২০৫০/- |
| | | জেলা শহর ও অন্যান্য এলাকা | ৭১০০/- | ২৮৪০/- | ১০০০/- | ৩০০/- | ১১২৪০/- |
| ৩। | গ্রেড-৩ :<br>১। সহকারী সিকিউরিটি সুপারভাইজার<br>২। সিনিয়র সিকিউরিটি গার্ড | বিভাগীয় শহর ও সিটি কর্পোরেশন এলাকা | ৬১০০/- | ৩০৫০/- | ১০০০/- | ৪০০/- | ১০৫৫০/- |
| | | জেলা শহর ও অন্যান্য এলাকা | ৬১০০/- | ২৪৪০/- | ১০০০/- | ৩০০/- | ৯৮৪০/- |
| ৪। | গ্রেড-৪ :<br>১। সিকিউরিটি গার্ড | বিভাগীয় শহর ও সিটি কর্পোরেশন এলাকা | ৫৬০০/- | ২৮০০/- | ১০০০/- | ৪০০/- | ৯৮০০/- |
| | | জেলা শহর ও অন্যান্য এলাকা | ৫৬০০/- | ২২৪০/- | ১০০০/- | ৩০০/- | ৯১৪০/- |

**শিক্ষানবিশ শ্রমিকের ক্ষেত্রে :**

(ক) শিক্ষানবিশিকাল হইবে  (তিন) মাস:

তবে শর্ত থাকে যে, একজন শ্রমিকের ক্ষেত্রে শিক্ষানবিশিকাল  আরো ৩ (তিন) মাস বৃদ্ধি করা যাইবে যদি কোনো কারণে প্রথম ৩ (তিন) মাস শিক্ষানবিশিকালে তাহার কাজের মান নির্ণয় করা সম্ভব না হয়;

(খ) শিক্ষানবিশিকাল সন্তোষজনকভাবে সমাপ্ত হইবার পর শিক্ষানবিশ শ্রমিক সংশ্লিষ্ট গ্রেডের স্থায়ী শ্রমিক হিসাবে নিযুক্ত হইবেন;

(গ) শিক্ষানবিশিকালে শিক্ষানবিশ শ্রমিক মাসিক সর্বসাকুল্যে ৭ (সাত) হাজার টাকা প্রাপ্ত হইবেন।

## তফসিল-খ

## কর্মচারীর নিম্নতম মজুরী হার

| ক্রমিক নম্বর | শ্রমিক পদবিন্যাস ও শ্রেণি বিভাগ | এলাকা | মাসিক মূল মজুরী (টাকা) | বাড়ি ভাড়া ভাতা (টাকা) বিভাগীয় শহর ও সিটি কর্পোরেশন এলাকায় মূল মজুরীর ৫০% এবং জেলা শহর ও অন্যান্য এলাকায় মূল মজুরীর ৪০%) | চিকিৎসা ভাতা (টাকা) | যাতায়াত ভাতা (টাকা) | সর্বমোট মজুরী (টাকা) |
|---|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) |
| ১। | গ্রেড-১ :<br>১। ট্রান্সপোর্ট সুপারিনটেনডেন্ট<br>২। ট্রান্সপোর্ট সুপারভাইজার<br>৩। অডিটর<br>৪। উচ্চমান সহকারী<br>৫। এক্সিকিউটিভ অ্যাসিসটেন্ট<br>৬। হিসাবরক্ষক | বিভাগীয় শহর ও সিটি কর্পোরেশন এলাকা | ৮৫০০/- | ৪২৫০/- | ১০০০/- | ৪০০/- | ১৪১৫০/- |
| | | জেলা শহর ও অন্যান্য এলাকা | ৮৫০০/- | ৩৪০০/- | ১০০০/- | ৩০০/- | ১৩২০০/- |
| ২। | গ্রেড-২ :<br>১। কম্পিউটার অপারেটর<br>২। অফিস সহকারী<br>৩। ক্যাশ সহকারী<br>৪। স্টোর কিপার<br>৫। টেলিফোন অপারেটর-কাম-রিসেপসনিস্ট | বিভাগীয় শহর ও সিটি কর্পোরেশন এলাকা | ৭২০০/- | ৩৬০০/- | ১০০০/- | ৪০০/- | ১২২০০/- |
| | | জেলা শহর ও অন্যান্য এলাকা | ৭২০০/- | ২৮৮০/- | ১০০০/- | ৩০০/- | ১১৩৮০/- |
| ৩। | গ্রেড-৩ :<br>১। ড্রাইভার<br>২। মেকানিক<br>৩। ইলেকট্রিশিয়ান | বিভাগীয় শহর ও সিটি কর্পোরেশন এলাকা | ৬০০০/- | ৩০০০/- | ১০০০/- | ৪০০/- | ১০৪০০/- |
| | | জেলা শহর ও অন্যান্য এলাকা | ৬০০০/- | ২৪০০/- | ১০০০/- | ৩০০/- | ৯৭০০/- |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) |
|---|---|---|---|---|---|---|---|
| ৪। | গ্রেড-৪ :<br>১। পিয়ন (অফিস সহায়ক)<br>২। লিফটম্যান<br>৩। কুক<br>৪। মশালচি<br>৫। ক্লিনার (পরিচ্ছন্নতা কর্মী)<br>৬। ম্যাসেঞ্জার<br>৭। মালি<br>৮। টি বয়/ক্যান্টিন বয় | বিভাগীয় শহর ও সিটি কর্পোরেশন এলাকা | ৫৩০০/- | ২৬৫০/- | ১০০০/- | ৪০০/- | ৯৩৫০/- |
| | | জেলা শহর ও অন্যান্য এলাকা | ৫৩০০/- | ২১২০/- | ১০০০/- | ৩০০/- | ৮৭২০/- |

**শিক্ষানবিশ কর্মচারীর ক্ষেত্রে :**

(ক) শিক্ষানবিশিকাল হইবে ৬ (ছয়) মাস:

(খ) শিক্ষানবিশিকাল সন্তোষজনকভাবে সমাপ্ত হইবার পর শিক্ষানবিশ কর্মচারী সংশ্লিষ্ট গ্রেডের স্থায়ী কর্মচারী হিসাবে নিযুক্ত হইবেন; এবং

(গ) শিক্ষানবিশিকালে শিক্ষানবিশ কর্মচারী মাসিক সর্বসাকুল্যে ৭ (সাত) হাজার টাকা প্রাপ্ত হইবেন।

**শর্তাবলি :**

১। তফসিল-ক ও তফসিল খ এ উল্লিখিত বিভিন্ন কলামে মাসিক ভিত্তিতে নিম্নতম মজুরী হার বাংলাদেশের সকল ‘সিকিউরিটি সার্ভিস’ শিল্প সেক্টরের জন্য প্রযোজ্য হইবে।

২। তফসিল-ক ও তফসিল খ এ উল্লিখিত পদের অতিরিক্ত কোনো পদ সংশ্লিষ্ট শিল্পে পূর্ব হইতে বিদ্যমান অথবা পরবর্তীতে সংযোজিত হইলে উহা যথাযথ শ্রেণি বা গ্রেডে অন্তর্ভুক্ত করা যাইবে।

৩। তফসিল-ক ও তফসিল খ এ উল্লিখিত শ্রমিক ও কর্মচারী বর্তমানে যেই গ্রেডে কর্মরত রহিয়াছেন সেই গ্রেডেই তাহাকে স্থূলাভিষিক্ত করিয়া এই মজুরী কাঠামোর সহিত সমন্বয়পূর্বক তাহার মজুরী নির্ধারণ করিতে হইবে এবং কোনো শ্রমিককে নিম্ন গ্রেডভুক্ত করা যাইবে না।

৪। এই প্রজ্ঞাপন জারির পর হইতে উক্ত শিল্প সেক্টরের মালিকগণ তফসিল-ক ও তফসিল খ এ উল্লিখিত পদবিন্যাস অনুযায়ী শ্রমিক ও কর্মচারীকে যথাযথ পদে সন্নিবেশ করিয়া মজুরী রেজিস্টারভুক্ত করত মজুরী স্লিপ প্রদান করিবেন।

৫। তফসিল-ক ও তফসিল খ এ উল্লিখিত মজুরী মাসিক নিম্নতম মজুরী হিসাবে গণ্য হইবে এবং উক্ত নিম্নতম মজুরী অপেক্ষা কম মজুরী প্রদান করা যাইবে না:

তবে শর্ত থাকে যে, উক্ত নিম্নতম মজুরী অপেক্ষা অধিক হারে মজুরী প্রদত্ত হইয়া থাকিলে তাহা হ্রাস করা যাইবে না।

৬। নিয়োগকর্তা বা মালিকপক্ষ স্ব-উদ্যোগে, এককভাবে বা যৌথ উদ্যোগে সম্পাদিত চুক্তি অনুযায়ী কোনো শ্রমিক বা কর্মচারীকে অধিক হারে মজুরী প্রদান করিতে পারিবেন।

৭। সিকিউরিটি গার্ড পদে প্রাথমিক নিয়োগের ক্ষেত্রে শিক্ষিত প্রার্থীর বিশেষ যোগ্যতা ও দক্ষতা বিবেচনায় নিয়োগকর্তা সিকিউরিটি গার্ডের মাসিক মজুরীর সহিত অতিরিক্ত মজুরী প্রদান করিতে পারিবেন যাহা আউটসোর্সিং (outsourcing) নিয়োগ কর্তার ক্ষেত্রেও প্রযোজ্য হইবে।

৮। উক্ত শিল্প সেক্টরে কোনো শ্রমিক বা কর্মচারী ঠিকাদারের মাধ্যমে নিয়োজিত হইয়া মজুরী প্রাপ্ত হইয়া থাকিলে উক্ত শ্রমিক ও কর্মচারীও বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ধারা ২(৬৫) অনুযায়ী 'শ্রমিক' বলিয়া গণ্য হইবেন। উক্ত শিল্প সেক্টরে কোনো শ্রমিকের ঠিকাদারের নিকট প্রাপ্য পাওনাদির ক্ষেত্রে সমস্যা সৃষ্টি হইলে তাহার দায়-দায়িত্ব মালিকপক্ষের উপর বর্তাইবে। ঠিকাদার নিম্নতম মজুরী বোর্ড কর্তৃক শ্রমিক ও কর্মচারীর জন্য ঘোষিত নিম্নতম মজুরী অপেক্ষা কম মজুরী প্রদান করিতে পারিবেন না।

৯। শর্ত ৮ এ উল্লিখিত নিয়োগকারী ঠিকাদার বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ধারা ১২১, ১৫০ এবং ১৬১ এর বিধান মোতাবেক মালিকের ন্যায় একইরূপ ব্যবস্থা গ্রহণ করিবেন।

১০। উক্ত শিল্প সেক্টরের মালিক যদি শ্রমিক ও কর্মচারীকে ফূরন ভিত্তিক (piece rate) মজুরী প্রদান করিয়া থাকেন, তবে তফসিল-ক ও তফসিল-খ এ উল্লিখিত হারে ও উপরি-উক্ত শর্তাধীনে মজুরীর হার এইরূপ হারে সংশোধন করিতে হইবে যাহাতে তাহারা বিভিন্ন শ্রেণিভুক্ত শ্রমিক ও কর্মচারীর জন্য নির্ধারিত নিম্নতম মজুরী অপেক্ষা কম মজুরী প্রাপ্ত না হন।

১১। তফসিল-ক ও তফসিল-খ এ উল্লিখিত নিম্নতম মজুরী ও ভাতা ব্যতীত শ্রমিক ও কর্মচারী কর্মরত প্রতিষ্ঠানে অন্যান্য যে সকল অধিকার, সুযোগ-সুবিধা ও ভাতা প্রাপ্য হন উহা বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর সংশ্লিষ্ট ধারার বিধান মোতাবেক বলবৎ ও অব্যাহত থাকিবে।

১২। তফসিল-ক ও তফসিল-খ এ উল্লিখিত নিম্নতম মজুরী সমন্বয় করিয়া ১ (এক) বৎসর কর্মরত থাকিবার পর শ্রমিক ও কর্মচারীর মূল মজুরীর ৫% (শতকরা পাঁচ শতাংশ) হারে বাৎসরিক ভিত্তিতে মজুরী বৃদ্ধি পাইবে এবং পরবর্তী বৎসরে ক্রমবর্ধমান হারে পুনরায় মূল মজুরীর ৫% (শতকরা পাঁচ শতাংশ) হারে বৃদ্ধি পাইবে।

**ব্যাখ্যা :** যদি একজন শ্রমিকের মূল মজুরী ৫৬০০/- (পাঁচ হাজার ছয়শত) টাকা হয় তবে, এক বৎসর কর্মরত থাকিবার পর তাহার বাৎসরিক মজুরী বৃদ্ধি পাইয়া মূল মজুরী ৫৮৮০/- (পাঁচ হাজার আটশত আশি) টাকা নির্ধারিত হইবে এবং পরবর্তী বৎসরে ক্রমবর্ধমান হারে পুনরায় ৫% (শতকরা পাঁচ শতাংশ) হারে বৃদ্ধি পাইবে অর্থাৎ মূল মজুরী ৫৮৮০/- (পাঁচ হাজার আটশত আশি) টাকার ৫% (শতকরা পাঁচ শতাংশ) বৃদ্ধি পাইয়া ৬১৭৪ (ছয় হাজার একশত চুয়াত্তর) টাকা নির্ধারিত হইবে।

১৩। উক্ত শিল্প সেক্টরে নিযুক্ত শ্রমিক ও কর্মচারী বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এবং বাংলাদেশ শ্রম বিধিমালা, ২০১৫ এর সংশ্লিষ্ট বিধান অনুযায়ী ভাতা এবং অন্যান্য সুবিধা প্রাপ্য হইবেন।

১৪। এই প্রজ্ঞাপনে উল্লিখিত কোনো বিষয় বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এবং বাংলাদেশ শ্রম বিধিমালা, ২০১৫ এর সহিত সাংঘর্ষিক হইলে, উহা বাতিল বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**শাহানা জামান**
উপসচিব।

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মাকসুদা বেগম সিদ্দীকা, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd